
ডি·পি·দে
প্রযোজিত
সুরের পিয়াসী
পরিচালনা বিশু দাশগুপ্ত
সঙ্গীত ওস্তাদ আলি আকবর খাঁ
CAPS/A.K

দাশরথি প্রসাদ দে প্রযোজিত

গৌতম পিক্‌চার্সে'র সঙ্গীত মুখর চিত্রার্ঘ

# সুরের পিয়াসো

সঙ্গীত পরিচালনা : ওস্তাদ আলি আকবর খান

পরিচালনা : বিশু দাশগুপ্ত

| | | | |
|---|---|---|---|
| চিত্রনাট্য : | ... জ্যোতির্ময় রায় | প্রধান চিত্র শিল্পী : | ... সন্তোষ গুহরায় |
| কাহিনী : | ... রঞ্জন রায় | চিত্র শিল্পী : | .. নির্মলজ্যোতি ঘোষ |
| প্রধান সম্পাদক : | ... অর্ধেন্দু চ্যাটার্জি | শিল্প নির্দেশক : | ... রবি চট্টোপাধ্যায় |
| সম্পাদক : | ... প্রতুল রায় চৌধুরী | ব্যবস্থাপনা : | ... সুধীর রায় |
| শব্দযন্ত্রী : | ... জে. ডি ইরানী | নৃত্য পরিচালনা : | গুরু হীরা লাল ও বিনয় ঘোষ |
| প্রধান সহকারী পরিচালক : | অমল সরকার | পুণর্শব্দ যোজনা : | ... শ্যাম সুন্দর ঘোষ |
| রূপসজ্জা : | ... শৈলেন গঙ্গোপাধ্যায় | স্থির চিত্র : | ... ক্যাপস্ ফটোগ্রাফী |

তত্ত্বাবধান : রাধাকিষণ পচিশিয়া

প্রচার পরিচালনা : বিধুভূষণ বন্দ্যোপাধ্যায় ও রবি বসু

### * সহকারীবৃন্দ *

পরিচালনায় : সুনীল দাস ★ সঙ্গীতে : নিখিল বন্দ্যোঃ ও আশীষ খান ★ চিত্রগ্রহণে : রঞ্জিত চট্টোপাধ্যায় ও বীরেন মুখোপাধ্যায় ★ শব্দ যন্ত্রে : সিদ্ধি নাগ ★ ব্যবস্থাপনায় : মদন দাস ও গোপাল দাস রূপসজ্জায় : অনাথ মুখোপাধ্যায় ও গৌর দাস ★ আলোক সম্পাতে : শান্তি সরকার, হেমন্ত দাস, মনোরঞ্জন দত্ত, দেবেন দাস, সুখরঞ্জন দত্ত, অনিল সরকার, বিনয় ঘোষ ও মংরু কুর্মী

পটশিল্পে : বলরাম চট্টোপাধ্যায় ও নবকুমার কয়াল।

### * আবহ সঙ্গীত *

আলি আকবর মিউজিক কলেজের ছাত্র-ছাত্রী ও নিমন্ত্রিত অতিথি যন্ত্র শিল্পীবৃন্দ

### * অন্যান্য ভূমিকায় *

শুক্লা দাস, বুলবুল আচার্য্য, সন্ধ্যা চক্রবর্ত্তী, শেফালী বন্দ্যোপাধ্যায়, কল্যানী দাস, ধীরাজ দাস, রসরাজ চক্রবর্ত্তী, ডাঃ বেরা, অমিয় দাশগুপ্ত, জগন্নাথ মোহান্ত, সাধন সেনগুপ্ত, কেদার মল্লিক, তাপস রায়, অশোক সরকার, বাঘা, ভানু, লাউ, বীরেন চট্টোপাধ্যায় প্রভৃতি।

### * অতিরিক্ত ভূমিকায় *

প্রোঃ নিখিল বন্দ্যোপাধ্যায়, প্রোঃ আশুতোষ ভট্টাচার্য্য, মহাপুরুষ মিশ্র, রাধাকান্ত নন্দী, পবিত্র বন্দ্যোপাধ্যায়, শান্তি মুখোপাধ্যায়, কার্ত্তিক শীল প্রভৃতি

### * কৃতজ্ঞতা স্বীকার *

প্রফুল্লকুমার বাজপেয়ী, মানিক সেনগুপ্ত, সাউণ্ড সিষ্টেম, নিউ রেডিও ক্লাব, বি ও এ. সি, নাথমল দাগা, এস্ কে. জৈন, সুরধ্বনি, শিশির বন্দ্যোপাধ্যায়, সীতারাম দাগা, ভগবানদাস দাগা, ইন্দ্রকুমার দাগা, সীতা নাথ মণ্ডল, প্রাণকৃষ্ণ দত্ত ও গোপী চৌধুরী।

ইন্দ্রপুরী ষ্টুডিওতে আর. সি. এ. শব্দযন্ত্রে গৃহীত ও

কৃষ্ণকিঙ্কর মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে বেঙ্গল ফিল্ম ল্যাবরেটারিজ-এ পরিস্ফুটিত

পরিবেশনা : শ্রীবিষ্ণু পিক্‌চার্স প্রাঃ লিঃ ★ শ্রী পিক্‌চার্স রিলিজ



অভিনয়ে
সুপ্রিয়া চৌধুরী
নমিতা • অপর্ণা • পদ্মা
প্রবীর • ছবি • কমল
দীপক • মিহির • নৃপতি
নবাগতা কান্তারায়


গুণেঃ (চলচ্চিত্রে প্রথম)
ওস্তাদ আলি আকবর খাঁ (সরোদ)
হীরাবাঈ বরোদেকর (কণ্ঠ)
ওস্তাদ বিলায়েৎ হোসেন (সেতার)
ওস্তাদ ইমারৎ হোসেন (সেতার)
পান্নালাল ঘোষ (বাঁশী)
শান্তাপ্রসাদ ও নিখিল ঘোষ (তবলা)


কণ্ঠ সঙ্গীতে
লক্ষ্মী শঙ্কর (বোম্বে)
সন্ধ্যা মুখার্জী • এ • টি • কানন
প্রতিমা বন্দ্যোঃ • উৎপলা
সতীনাথ প্রভৃতি


নৃত্যে
ভারতী রায়













মধ্যবিত্ত পরিবারের ছেলে অরুণাংশু—ভারতীয় সঙ্গীত সাধনায় মগ্ন।.........সম্প্রতি 'সঙ্গীত ভারতী'তে অধ্যাপক নিযুক্ত হয়েছে। * বড়লোকের একমাত্র কন্যা জয়ন্তী—ভারতীয় সঙ্গীত-রস-পিপাসু... ...অপূর্ব্ব কণ্ঠের অধিকারিণী। * 'সঙ্গীত ভারতী'র অধ্যক্ষ, গুরুজীর আশা-আকাঙ্ক্ষা—তার ঘরোয়ানা বেঁচে থাকবে অরুণাংশু আর জয়ন্তীর কণ্ঠে। * জয়ন্তীর বাবা—মা-মরা মেয়ের ভবিষ্যত ভেবে রাখেন। অকৃত্তিম বন্ধু অনিমেষের ছেলে প্রলয়ের হাতেই তুলে দেবেন তিনি তার কন্যাকে। দুই বন্ধুর সাহচর্য্যে প্রলয় বিলেত যায় ব্যারিষ্টারী পড়তে, কিন্তু, ফিরে আসে ব্যারিষ্টারী পাশ না করেই...শিখে আসে বাইরের চাল-চালিয়াতী...পিতা হতাশ হন...। জয়ন্তীর বাবা উদ্বিগ্ন হন জয়ন্তীর ভবিষ্যত ভেবে—

প্রলয় এসে দেখে জয়ন্তীর হৃদয়ের অনেকখানি জুড়ে বসে আছে অরুণাংশু ...ঈর্ষায় আঘাত হানে ভারতীয় সঙ্গীতের উপর। * অরুণাংশু আঘাত পেয়ে দূরে সরে যায়। * জয়ন্তী এগিয়ে চলে প্রলয়ের সাথে, পিতার ইচ্ছা পূরণ করতে। * প্রলয়ের দম্ভ ভেঙ্গে পড়ে, যখন সে জানতে পারে যে, তার বাবা নিঃস্ব—বিলেতের খরচ পর্য্যন্ত জুগিয়েছে জয়ন্তীর বাবা।...নিজের অকৃতকার্য্যতাকে ঢাকতে প্রলয় হাত বাড়ায় আরও বড়লোকের মেয়ে—রীতার প্রতি। * রীতা আধুনিক আলোকপ্রাপ্তা...মেকী চেনে মেকীকে...আসল আঘাত পায় এদের নীচতায়...

জয়ন্তী পিতাকে অপমানের হাত থেকে রেহাই দিতে শেষ চেষ্টা করতে গিয়ে অপমানিত হয়।......অকৃত্তিম দুই বন্ধু জয়ন্তীর অন্তরের ব্যথা বুঝতে পেরে ভেঙ্গে পড়েন।...

আর জয়ন্তী ?...









# সঙ্গীতাংশ

( ১ )

ভজ মথুরা হরিনাম
সরল ভাবসে হরি ভজে যো
সো পাওয়ে সুখ-ধাম
নিরন্তর কহ, ভজ মথুরা হরিনাম ॥

হরি হি সুখ হ্যায়
হ্যায় হরি শান্তি
হরি হি প্রাণারাম
হরি হি পাপসে
মুক্ত করে যো
ভজন করে অবিরাম
নিরন্তর কহ, ভজ মথুরা হরিনাম ॥

কণ্ঠ : শ্রীমতী হীরাবাঈ বরোদেকার

( ২ )

আজি সংগীত মুখরিত লগনে
ঝংকার ওঠে নীল গগনে ॥

উতরোল হিন্দোলে দিল দোল
দিল দোল, দিল দোল চঞ্চল পবনে ।

আজি, মৌঝরা মৌবন কুঞ্জে
মৌমাছি গুন গুন গুঞ্জে ।
পল্লব মর্ম্মর বেনুছায়
মঞ্জীর বাজে কোন স্বপনে ॥

যৌবন গৌরবে নাচে ঐ
নৃত্যের তালে তালে থৈ থৈ ।
ঝুম্ ঝুম্ নাচেরে ঐ
নাচেরে ঐ
নাচেরে ঐ ॥

কণ্ঠ : সন্ধ্যা, প্রতিমা ও কনিকা ।
রচনা : শ্রীবিশ্বনাথ গাঙ্গুলী ।

( ৩ )

পিয়া বিন জিয়া মোরা
ক্যাল্ নাহি পায়ে রে
নয়নোয়ামে পল্ পল্
নীর ভরি আয়েরে ॥

পিয়া তোরে দূর নেহি
বাকিরে সজনীয়া
বোলালো মোহনীয়া বাজাকে বাজ্নীয়া
ও প্রাণোয়াকো প্যারা
কহি দূর নহি যায়ে রে ।

জানে কব্ আয়ে মোরে আঙ্গ্নামে রসিয়া
বারে মাতোয়ারে
পিয়া প্যারে মন বসিয়া
উন বিন জিয়া মোরা
কছু নাহি ভায়ে রে ॥

রচনা—পণ্ডিত ভূষণ
কণ্ঠ—শ্রীমতী প্রতিমা বন্দ্যোপাধ্যায়
ও এ. টি. কানন

( ৪ )

আমি আজ চলে যাই
জনমে জনমে তোমার লাগিয়া
এই ব্যথা যেন পাই ॥

দুদিনের সাথী, দু'দিনের লাগি
এসেছিনু আমি, তব অনুরাগি
হৃদয় বিলাতে চেয়েছিনু শুধু
আর কিছু নাহি চাই ॥
অন্তরে তব দিয়ে গেনু প্রেম
কণ্ঠে গানের মালা ;
হয়তো একাল ঘুমহারা রাতে
জাগিবে স্মৃতির জ্বালা ॥
হয়তো'বা তব নয়নের কোনে
নূতনের ছায়া জাগিবে গোপনে
স্মৃতিটিও মোর মুছে যাবে জানি
তবু কিছু ক্ষতি নাই ।

কণ্ঠ : শ্রীসতীনাথ মুখোপাধ্যায়
রচনা : শ্রীবিশ্বনাথ গাঙ্গুলী

( ৫ )

কিছু কাছে, কিছু কাছে, কাছে,
কিছু পাশে, কিছু পাশে, পাশে ।

আঁখি যারে ডাকে বারে বারে
ক্ষতি কি'বা কাছে এলো বা' সে ॥

আধো লাজে আধো লাজ ভুলি
হাতে হাত যদি দেয় তুলি
ক্ষতি কি'বা যদি চুপি চুপি
ও দু'টি মনে কিছু ভালবাসে ॥

কাণে কাণে সারা দিনযামী
'তুমি আমি' বলে 'তুমি আমি'
ক্ষতি কি'বা যদি কাটে বেলা
প্রাণমধু পিয়ে মধুমাসে ॥

রচনা—শ্রীবিশ্বনাথ গাঙ্গুলী
কণ্ঠ—শ্রীমতী উৎপলা সেন

( ৬ )

তবুও আমায় মনে রেখো
দূরে গেলে যদি এ জীবনে ফিরে
দেখা আর নাহি হয়
তবু আমায় মনে রেখো ॥
যদি মিলনের রাখী, রাখিতে শরম লাগে
মনে লাগে কোন ভয়
তবু আমায় মনে রেখো ॥
যদি কোন রাতে ঝড়ের হাওয়ায়
ভাঙ্গা বাসরের দীপ নিভে যায়
তোমারে ভোলাতে যদি সেই রাতে
চাঁদ নাহি জেগে রয়
তবু আমায় মনে রেখো ॥
সেদিন তোমার নয়নের 'পরে
মোর ছায়া যদি আর নাহি প'ড়ে
যদিবা তোমার গানের পাখীরা
মোর কথা নাহি কয়
তবু আমায় মনে রেখো ॥


কণ্ঠ : শ্রীমতী প্রতিমা বন্দ্যোপাধ্যায়
রচনা : শ্রীবিশ্বনাথ গাঙ্গুলী

( ৭ )

বধু এই মধু মাসে
তুমি থাকো মোর পাশে ।
ওগো বলো কিছু কথা
তুমি ভাঙ্গো নীরবতা
দেখ দূরে চাঁদ হাসে ।

এই হাসি এই আলো
লাগে যেন ভালো
ওগো এই আঁধো রাতে
তুমি থাকো আজি সাথে
কত কথা মনে আসে
বধু এই মধু মাসে ॥

রচনা : শ্রীগৌরীপ্রসন্ন মজুমদার
কণ্ঠ : এ. টি. কানন ও শ্রীমতী লক্ষ্মীশঙ্কর



মুক্তি পথে

অখিল চিত্র প্রতিষ্ঠানের


# মিথুন লগ্ন

পরিচালনা ঃ শিব ভট্টাচার্য্য

রূপায়ণে ঃ অসিতবরণ, তপতী, আশীষকুমার, কমল, পাহাড়ী, নবদ্বীপ, মলিনা, পদ্মা, ও নবাগতা দীপক দাশ

শ্রীবিষ্ণু পিক্‌চার্সের
প্রথম নিবেদন

# অগ্নি সংস্কার



পরিচালনা : অগ্রদূত
সঙ্গীত : হেমন্ত মুখোপাধ্যায়
কাহিনী ও চিত্রনাট্য : বিনয় চট্টোপাধ্যায়

রূপায়ণে : উত্তমকুমার · সুপ্রিয়া
অনিল · ছবি · বিকাশ · পাহাড়ী · ছায়া দেবী

পরিবেশক · শ্রীবিষ্ণু পিক্‌চার্স প্রাঃ লিঃ

শ্রীবিষ্ণু পিক্‌চার্সের পক্ষে শ্রীবিধু ভূষণ বন্দ্যোপাধ্যায় কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত এবং
জুবিলী প্রেস কলিকাতা-১৩ হইতে মুদ্রিত